

মৃগনাভি পার ফিউম

দাবদাহের পর প্রতিবিশ্বে
কস্তুরী গন্ধের ন্যায় স্মৃতিপাঠ
অরণ্যনাভি লিখছে মাতৃগর্ভের ভ্রুণরত্নাবলি।

লালাগ্রন্থিগুলি হাওয়া দিচ্ছে।
হাওয়াভঙ্গের এই নির্লিপ্ত আকাশ
এখানেও মেঘছবি
তমসার আলোছায়া থেকে তুলে দেয়
গ্রাফিক বার্ষিক্যকে।
কান্না পায় বাছা
সে কান্নারওতো কাঁচারঙ
কেন বয়স বাড়ে না।

কপ্তিপাথর ঘষে দেখো মৃগনাভির মধ্যেও
অসংখ্য খাদ
যেমন হাসিধুলোর মধ্যে
প্লাস্টোভাইরাস,
দেখো বৃষ্টি —
বিদ্রুপে, কোলাহলে কারা এমন
নামিয়ে দিচ্ছে অ্যালকোহল গরিমা!
অথবা আর্সেনিক মেঘদ্রুটে.....

শুধু এক অজানা প্রতিধ্বনি তুলে
অনন্তক্ষুধা খুঁটে খাচ্ছে মাংসপদ্যগুলি।

চিত্তরঞ্জন হীরণ

